

Official Spokesperson's response to media queries on inauguration of road on 8th May in Pithoragarh district, Uttarakhand

May 09, 2020

উত্তরাখণ্ডের পিথোরাগড় জেলায় ৪ই মে রাস্তা উদ্বোধনের বিষয়ে মিডিয়া প্রশ্নের জবাবে সরকারী মুখপাত্রের প্রতিক্রিয়া

মে 09, 2020

উত্তরাখণ্ডের পিথোরাগড় জেলায় ৪ই মে রাস্তা উদ্বোধনের বিষয়ে প্রশ্নের জবাবে সরকারী মুখপাত্র নিম্নলিখিত বিবৃতি দিয়েছেন:

আমরা ৭ই মে 2020 তারিখে নেপালের পররাষ্ট্র মন্ত্রক থেকে জারি করা ভারতে একটি সড়কের উদ্বোধন সম্পর্কিত প্রেস বিজ্ঞপ্তিটি দেখেছি।

উত্তরাখণ্ড রাজ্যের পিথোরাগড় জেলায় সদ্য উদ্বোধন হওয়া সড়ক বিভাগটি পুরোপুরি ভারতের ভূখণ্ডের অন্তর্গত। এই সড়কটি কৈলাশ মানসরোবর যাত্রার তীর্থযাত্রীদের দ্বারা ব্যবহৃত আগে থেকে বিদ্যমান পথই অনুসরণ করে। বর্তমান প্রকল্পের আওতায় একই রাস্তাটি তীর্থযাত্রী, স্থানীয় ও ব্যবসায়ীদের সুবিধা অনুযায়ী নির্মাণ করা হয়েছে।

ভারত এবং নেপাল সব রকমের সীমানা সংক্রান্ত সমস্যাগুলির মোকাবিলার জন্য একটি প্রক্রিয়া প্রতিষ্ঠা করেছে। নেপালের সাথে সীমানা নির্ধারণের কাজ চলছে। কূটনৈতিক সংলাপের মাধ্যমে এবং নেপালের সাথে আমাদের ঘনিষ্ঠ ও বন্ধুত্বপূর্ণ দ্বিপাক্ষিক সম্পর্কের আলোকে ভারত বকেয়া সীমানা সংক্রান্ত সমস্যা সমাধানে বদ্ধপরিকর।

উভয় পক্ষ পররাষ্ট্রসচিব পর্যায়ে আলোচনার সময়সূচী তৈরীরও প্রক্রিয়া চালু রেখেছে যা দুই সমাজ এবং সরকারের সাফল্য সহকারে কোভিড 19-এর জরুরী সমস্যার মোকাবিলা করার পরে উভয় পক্ষের মধ্যে তারিখ চূড়ান্ত হওয়ার পরেই অনুষ্ঠিত হবে।

নিউ দিল্লী

মে 09, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.